

নং- ৫১.০০.০০০০.২৪১.১৪.২৬৯.১৪- ৫৯

তারিখঃ ০৪-০২-২০১৫ ইং

বিষয়ঃ “Construction of Flood Shelters in the Flood Prone and River Erosion areas (2nd Phase)” শীর্ষক প্রকল্পের অনুমোদিত নির্দেশমালা সংশোধন প্রসঙ্গে।

সূত্র নং- (১) অত্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.২৪১.১৪.২৬৯.১৪-১০৯৯, তারিখঃ ০৩.১২.২০১৪ খ্রি:

(২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০২৫.১৪.৪১০.১৩-০৩, তারিখঃ ০৩.০২.২০১৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “Construction of Flood Shelters in the Flood Prone and River Erosion areas (2nd Phase)” শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের নিমিত্তে সূত্র- (১) এ উল্লেখিত স্মারকে অনুমোদিত নির্দেশমালার অনুচ্ছেদ ৩ এর উপ অনুচ্ছেদ ৩.১, ৩.২, ৩.৩ ও ৩.৬ নিম্নলিখিতভাবে প্রতিস্থাপন করা হলো।

- ৩.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রকল্প পরিচালক কেন্দ্রীয়ভাবে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর-২০০৮) এবং সংশোধিত ২০০৯ (সর্বশেষ সংশোধনী সহ) এর নিয়ম অনুসারে দরপত্র আহ্বান করবেন। দরপত্র সিডিউল প্রকল্প পরিচালকের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় (ত্রাণ শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (ত্রাণ শাখা) হতে একযোগে বিক্রয় করা হবে। উপজেলা নির্বাহী অফিসার পরিপত্র মোতাবেক একটি দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) এবং মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ৩.৬ অনুচ্ছেদ অনুযায়ী একটি দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন করবেন।
- ৩.২ দরপত্র সিডিউল জেলা প্রশাসকের কার্যালয় (ত্রাণ শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (ত্রাণ শাখা) এ গ্রহণ করা হবে। দরপত্র উন্মুক্তকরণ কমিটি গ্রহণকৃত দরপত্রসমূহ বিধি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতাগণের/ তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) উন্মুক্ত করবেন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দরপত্র উন্মুক্তকরণের তুলনামূলক বিবরণীসহ ঠিকাদারের দাখিলকৃত যাবতীয় কাগজ-পত্রাদি সীলগালা করে প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণ করবে।
- ৩.৩ দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণ করে ঠিকাদার নিয়োগ বিষয় মূল্যায়ন পূর্বক সুপারিশ প্রদান করবেন। দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) এর সুপারিশ মোতাবেক মহাপরিচালক, ডিডিএম ঠিকাদার নিয়োগ করবেন। প্রকল্প পরিচালক চুক্তিপত্র স্বাক্ষর দানের জন্য নির্ধারিত ঠিকাদারকে পত্র প্রদান করবেন এবং ঠিকাদারদের অনুকূলে পরবর্তীতে চুক্তিপত্র স্বাক্ষরসহ কার্যাদেশ প্রদান করবেন।

৩.৬ দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি (TEC):

- * অনধিক ৭ (সাত) জন সদস্য, যাদের মধ্যে ক্রয়কারীর নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সীর বহির্ভূত কমপক্ষে ২ (দুই) জন সদস্য অন্তর্ভুক্ত থাকবে;
- * মূল্যায়নে [২ (দুই) জন] বহিঃ সদস্যসহ কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর আবশ্যিক হবে।

কমিটির গঠন নিম্নরূপঃ

১। প্রকল্প পরিচালক, “Construction of Flood Shelter in the Flood Prone and River Erosion areas (2 nd Phase)” শীর্ষক প্রকল্প	-	আহ্বায়ক
২। মন্ত্রণালয়ের প্রতিনিধি (সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান)	-	সদস্য
৩। সেতু বিভাগের প্রতিনিধি	-	সদস্য
৪। পর্যটন কর্পোরেশন এর প্রতিনিধি	-	সদস্য
৫। প্রকল্পের সহকারী প্রকৌশলী, (DDM)	-	সদস্য
৬। সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	-	সদস্য
৭। উপ-প্রকল্প পরিচালক, “Construction of Flood Shelter in the Flood Prone and River Erosion areas (2 nd Phase)” শীর্ষক প্রকল্প	-	সদস্য সচিব

০৪/০৩/১৬
০৪/০২/১৬

(মোঃ মাজেদুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫১৪২২১

মহাপরিচালক,
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,
৯২-৯৩, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রকল্প পরিচালক, “Construction of Flood Shelters in the Flood Prone and River Erosion areas (2nd Phase)” শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-প্রধান (পরিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।